গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
পানি সম্পদ মন্ত্রণালয়
উন্নয়ন-৩ শাখা

বিষয়ঃ "ঢাকা-নারায়ণগঞ্জ-ডেমরা (ডিএনডি) এলাকার পানি নিষ্কাশন ব্যবস্থার উন্নয়ন (২য় পর্যায়) (১ম সংশোধিত)" শীর্ষক প্রকল্প এলাকায় এবং খালের উপর অননুমোদিতভাবে গড়ে উঠা অবৈধ ঘর-বাড়ী/দোকানপাট/স্থাপনা উচ্ছেদের জন্য মন্ত্রিসভা বৈঠকে গত ১৯-০৪-১৯৮৭ তারিখের সভায় গৃহিত সিদ্ধান্ত বাস্তবায়ন সম্পর্কিত সর্বশেষ অবস্থা মন্ত্রিপরিষদ বিভাগকে অবহিত করণের লক্ষ্যে অনুষ্ঠিত আন্ত:মন্ত্রণালয় সভার কার্যবিবরণী।

সভাপতি	কবির বিন আনোয়ার সিনিয়র সচিব
সভার তারিখ	০৭-০৪-২০২১।
সভার সময়	বেলা ১১.৩০ ঘটিকা।
স্থান	পানি সম্পদ মন্ত্রণালয়ের সভাকক্ষ।
উপস্থিতি	পরিশিষ্ট-ক।

সভাপতি সকলকে স্বাগত জানিয়ে সভার কার্যক্রম শুরু করেন। সভাপতির অনুমতিক্রমে উপসচিব (উন্নয়ন-৩), পাসম সভায় জানান যে, মন্ত্রিসভা বৈঠকের ১৯-০৪-১৯৮৭ তারিখের সভায় ২৪ (ঘ) "ঢাকা-নারায়ণগঞ্জ-ডেমরা (ডিএনডি) প্রকল্প এলাকায় এবং খালের উপরে অননুমোদিত কিছু ঘর-বাড়ী নির্মিত হইতেছে। সংশ্লিষ্ট মন্ত্রণালয় অবিলম্বে এই সমস্ত অবৈধ ঘর-বাড়ী উচ্ছেদের ব্যাপারে কার্যকরী পদক্ষেপ গ্রহণ করিবে। এই এলাকায় অননুমোদিতভাবে গড়িয়া উঠা বাজার উপযুক্ত স্থানে স্থানান্তর এবং অবৈধ দোকান পাট উচ্ছেদের জন্য মন্ত্রিপরিষদে ইত:পূর্বে যে সিদ্ধান্ত গৃহীত হইয়াছে উহা বাস্তবায়ন ত্বরান্বিত করিতে হইবে" মর্মে সিদ্ধান্ত গৃহীত হয়। মন্ত্রিপরিষদ বিভাগের অতিরিক্ত সচিব এর সভাপতিত্বে গত ১৭-০২-২০২১ তারিখে অনুষ্ঠিত সভায় ডিএনডি প্রকল্প এলাকার অবৈধ ঘর-বাড়ী, দোকানপাট, বাজার ইত্যাদি উচ্ছেদের সর্বশেষ অবস্থা অবহিত করার জন্য সিদ্ধান্ত গৃহীত হয়। বাংলাদেশ পানি উন্নয়ন বোর্ড কর্তৃক গৃহীত "ঢাকা- নারায়ণগঞ্জ-ডেমরা (ডিএনডি) এলাকার নিষ্কাশন ব্যবস্থার উন্নয়ন (২য় পর্যায়) (১ম সংশোধিত)" শীর্ষক প্রকল্প বাংলাদেশ সেনাবাহিনীর মাধ্যমে বাস্তবায়নাধীন রয়েছে। সভায় বাংলাদেশ সেনাবাহিনীর পক্ষে প্রকল্প কর্মকর্তা জানান, প্রকল্প এলাকায় এবং খালের উপর অননুমোদিতভাবে গড়ে উঠা অবৈধ ঘর-বাড়ী/দোকানপাট/স্থাপনাসমূহ উচ্ছেদ কার্যক্রম অব্যাহত রয়েছে। যার বাস্তব অগ্রগতি ৭৭.৬২% শতাংশ। প্রকল্প এলাকায় অবস্থিত বিভিন্ন অবৈধ স্থাপনার মধ্যে একতলা স্থাপনা ২৫৩১টি, দ্বিতল ও তিন তলা স্থাপনা ১৯৪৭টি, চারতলা বা তদুর্ধ্ব বেশি ফ্লোর বিশিষ্ট স্থাপনা ২৪৩টি, স্থায়ী ও অস্থায়ী দোকান ৫০০৪টি, কারখানা ৮৩টি, মাজার/মন্দির ২টি ইতোমধ্যে উচ্ছেদ সম্পন্ন করা হয়েছে। অবৈধ দখলদার থেকে পুনরুদ্ধারকৃত ভূমির পরিমাণ প্রায় ৪৮৪.৭৭ একর। যার বর্তমান বাজারমূল্য প্রায় ২৩৩৬ কোটি ৪৯ লক্ষ টাকা।

২। প্রকল্প এলাকায় অবৈধ স্থাপনা উচ্ছেদ অগ্রগতি ও বাস্তব অবস্থা নিয়ে নিম্নোক্ত আলোচনা ও সিদ্ধান্ত গৃহীত হয়:

ক্রমিক	আলোচনা	সিদ্ধান্ত

১	বাংলাদেশ সেনাবাহিনীর পক্ষে প্রকল্প কর্মকর্তা জানান, ডেমরা থানার অধীনে প্রকল্প এলাকায় সারুলিয়া নামক স্থানে সিটি কর্পোরেশন কর্তৃক বাংলাদেশ পানি উন্নয়ন বোর্ডের অধিগ্রহণকৃত খালের পাড়ের একটি জায়গা গবাদি পশুর হাট পরিচালনার জন্য ইজারা প্রদান করা হয়েছে। প্রকল্প পরিচালক ও নির্বাহী প্রকৌশলী, ঢাকা পওর বিভাগ-১, বাপাউবো জানান, বেশ কিছুদিন পূর্বে সারুলিয়া বাজারে বাপাউবো'র জায়গায় অবস্থিত স্থায়ী ও অস্থয়ী সকল দোকান-সহ অন্যান্য স্থাপনা উচ্ছেদ সম্পন্ন হয়েছে। জায়গাটি বর্তমানে খোলা মাঠ হিসাবে রয়েছে। কিন্তু গত ১লা আগস্ট ২০২০ হতে ৩১ জুলাই ২০২১ পর্যন্ত ১(এক) বছর মেয়াদে ঢাকা দক্ষিণ সিটি কর্পোরেশন গবাদি পশুর হাট হিসাবে বাপাউবো কর্তৃক অধিগ্রহণকৃত খালের পাড়ের ফাঁকা জায়গাটি ইজারা প্রদান করে। ফলশ্রুতিতে বিভিন্ন ময়লা আবর্জনা দ্বারা খালটি ভরাট হওয়ার সম্ভাবনা রয়েছে। যা পানি প্রবাহ-কে বাধাগ্রস্ত করবে। এ পর্যায়ে ঢাকা দক্ষিণ সিটি কর্পোরেশনের প্রতিনিধি বলেন, খালের এলাইনমেন্টের বাহিরের জায়গা ইজারা প্রদান করা হয়েছে। ঢাকা দক্ষিণ সিটি কর্পোরেশনের মাননীয় মেয়র পরিদর্শন করেছেন। এ বিষয়ে সভাপতি বলেন, বাপাউবো কর্তৃক খালের এলাইনমেন্ট নির্দিষ্ট করে প্রকল্প বাস্তবায়ন করা হচ্ছে। ভবিষ্যতে বাপাউবো'র জায়গাটি ইজারা না দেওয়ার জন্য ঢাকা দক্ষিণ সিটি কর্পোরেশনকে অনুরোধ করেন। এছাড়াও উক্ত এলাকায় উদ্ধারকৃত জায়গায় দৃষ্টিনন্দন পার্ক তৈরি/ বৃক্ষরোপনের পরামর্শ প্রদান করেন যা পরবর্তীতে জনগণের ব্যবহারের জন্য উন্মুক্ত থাকবে।	(ক) সারুলিয়া বাজারে বাপাউবো'র খালের পার্শ্বের জমি ইজারার সময় শেষ হওয়ার পর ভবিষ্যতে সিটি কর্পোরেশন কর্তৃক পুনরায় হাটবাজার হিসেবে ইজারা প্রদান না করার বিষয়ে সিদ্ধান্ত গৃহীত হয়। বাস্তবায়নে: ঢাকা দক্ষিণ সিটি কর্পোরেশন। (খ) ইজারার মেয়াদ শেষ হওয়ার সাথে সাথেই বাজার অপসারণের প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ করতে হবে। বাস্তবায়নে: বাপাউবো/প্রকল্প পরিচালক, বাংলাদেশ সেনাবাহিনী। (গ) খালের এলাইনমেন্ট পরিমাপের প্রয়োজন হলে আগামী ০৩ মাসের মধ্যে পরিমাপের কাজ সম্পন্ন করতে হবে। বাস্তবায়নে: বাপাউবো ও ঢাকা দক্ষিণ সিটি কর্পোরেশন। (ঘ) উক্ত এলাকায় উদ্ধারকৃত জায়গায় দৃষ্টিনন্দন পার্ক তৈরি/বৃক্ষরোপনের মাধ্যমে জনগণের ব্যবহারের লক্ষ্যে প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের সিদ্ধান্ত গৃহীত হয়। বাস্তবায়নে: বাপাউবো।
২	নির্বাহী প্রকৌশলী ও প্রকল্প পরিচালক, আরও বলেন, স্কুল-কলেজ সহ কয়েকটি শিক্ষপ্রতিষ্ঠান খালের সীমানার মধ্যে অবস্থিত হওয়ার কারণে খালের পানি প্রবাহ বাধাগ্রস্ত হচ্ছে। ফলশ্রুতিতে আসন্ন বর্ষা মৌসুমে পানি প্রবাহ বাধাগ্রস্ত হয়ে জলাবদ্ধতার সৃষ্টি করতে পারে। এ বিষয়ে প্রাথমিক ও গণশিক্ষা মন্ত্রণালয় এবং শিক্ষা মন্ত্রণালয়ের প্রতিনিধি সমন্বয়ে পরবর্তীতে একটি আন্ত:মন্ত্রণালয় সভা আহ্বানের জন্য সভাপতি নির্দেশনা প্রদান করেন।	খালের উপর এবং পার্শ্বে বাপাউবো'র ভূমিতে অবস্থিত শিক্ষা প্রতিষ্ঠানসমূহ অপসারণ/ স্থানান্তরের বিষয়ে নিকটতম সময়ে সংশ্লিষ্ট মন্ত্রণালয়ের সমন্বয়ে একটি আন্ত:মন্ত্রণালয় সভা আহ্বান করতে হবে। বাস্তবায়নে: বাপাউবো/পাসম।
৩	সভায় প্রধান প্রকৌশলী, কেন্দ্রীয় অঞ্চল, বাপাউবো, ঢাকা বলেন, খালে প্রতিনিয়ত বর্জ্য-আবর্জনা ফেলে খাল সমূহ ভরাট হয়ে যাচ্ছে। প্রকল্পের অভ্যন্তরীণ খালসমূহের মধ্যে কোন খাল ডিজাইন ও স্পেসিফিকেশন অনুযায়ী খনন সম্পন্ন হলে তা অতি দ্রুত সিটি কর্পোরেশনের নিকট রক্ষণাবেক্ষণ ও পরিচালনার জন্য বুঝিয়ে দেওয়ার প্রস্তাব করেন। ঢাকা দক্ষিণ সিটি কর্পোরেশনের প্রতিনিধি এ বিষয়ে সম্মতি প্রদান করেন। সভাপতি প্রস্তাবটি গুরুত্বের সাথে বিবেচনা করেন এবং কোন খাল যথাযথভাবে খনন শেষ হলে তা দ্রুততম সময়ে সিটি কর্পোরেশনের নিকট বুঝিয়ে দেয়ার জন্য পরামর্শ প্রদান করেন।	কোন খাল যথাযথভাবে খনন সম্পন্ন হলে তা রক্ষণাবেক্ষণ ও পরিচালনার জন্য বাপাউবো কর্তৃক সিটি কর্পোরেশনকে বুঝিয়ে দেয়ার ব্যবস্থা গ্রহণ করবে। বাস্তবায়নে: বাপাউবো ও ঢাকা দক্ষিণ সিটি কর্পোরেশন।

৩। সভায় আর কোন আলোচ্য বিষয় না থাকায় সভাপতি সকলকে ধন্যবাদ জানিয়ে সভার সমাপ্তি ঘোষণা করেন

কবির বিন আনোয়ার
সিনিয়র সচিব

স্মারক নম্বর: ৪২.০০.০০০০.০৩৬.১৬.০০১.২০-১৮০

তারিখ: ৩০ চৈত্র ১৪২৭
১৩ এপ্রিল ২০২১

বিতরণ (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়) :

১) মাননীয় মেয়র, ঢাকা দক্ষিণ সিটি কর্পোরেশন, নগর ভবন, ঢাকা-১০০০।

২) মাননীয় মেয়র, নারায়ণগঞ্জ সিটি কর্পোরেশন, নগর ভবন, ১০ বঙ্গবন্ধু রোড, নারায়ণগঞ্জ।

৩) সিনিয়র সচিব, স্থানীয় সরকার বিভাগ, স্থানীয় সরকার পল্লী উন্নয়ন ও সমবায় মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।

৪) মহাপরিচালক, বাংলাদেশ পানি উন্নয়ন বোর্ড, পানি ভবন, ৭২ গ্রীনরোড, ঢাকা।

৫) অতিরিক্ত সচিব, উন্নয়ন উইং, পানি সম্পদ মন্ত্রণালয়

৬) অতিরিক্ত মহাপরিচালক (পুর্ব রিজিয়ন), পুর্ব রিজিয়ন, বাংলাদেশ পানি উন্নয়ন বোর্ড

৭) যুগ্ম সচিব, যুগ্মসচিব উন্নয়ন-২ এর দপ্তর, পানি সম্পদ মন্ত্রণালয়

৮) প্রধান প্রকৌশলী, কেন্দ্রীয় অঞ্চল, বাংলাদেশ পানি উন্নয়ন বোর্ড, ওয়াপদা ভবন, মতিঝিল, বা/এ, ঢাকা।

৯) তত্ত্বাবধায়ক প্রকৌশলী, ঢাকা পওর সার্কেল, বাংলাদেশ পানি উন্নয়ন বোর্ড, ওয়াপদা ভবন, মতিঝিল, বা/এ, ঢাকা।

১০) প্রকল্প পরিচালক (বাংলাদেশ সেনাবাহিনী), ''ঢাকা-নারায়ণগঞ্জ-ডেমরা (ডিএনডি) এলাকার নিষ্কাশন ব্যবস্থার উন্নয়ন (২য় পর্যায়) (১ম সংশোধিত)'' শীর্ষক প্রকল্প, প্রকল্প পরিচালকের কার্যালয়, ১৯ ইসিবি, মাঝিকান্দি, জাজিরা, শরীয়তপুর।

১১) মাননীয় প্রতিমন্ত্রীর একান্ত সচিব, প্রতিমন্ত্রীর দপ্তর, পানি সম্পদ মন্ত্রণালয়

১২) মাননীয় উপমন্ত্রীর একান্ত সচিব, উপমন্ত্রীর দপ্তর, পানি সম্পদ মন্ত্রণালয়

১৩) পরিচালক , ভূমি ও রাজস্ব পরিদপ্তর, বাংলাদেশ পানি উন্নয়ন বোর্ড

১৪) সিনিয়র সচিবের একান্ত সচিব, সিনিয়র সচিবের দপ্তর, পানি সম্পদ মন্ত্রণালয়

১৫) জনাব মো: সিরাজুল ইসলাম, প্রধান নগর পরিকল্পনাবিদ, নগর পরিকল্পনা বিভাগ, ঢাকা দক্ষিণ সিটি কর্পোরেশন, নগর ভবন, ঢাকা-১০০০।

১৬) জনাব মো: আজগর হোসেন, নির্বাহী প্রকৌশলী, নারায়ণগঞ্জ সিটি কর্পোরেশন, নগর ভবন, ১০ বঙ্গবন্ধু রোড, নারায়ণগঞ্জ।

১৭) নির্বাহী প্রকৌশলী ও প্রকল্প পরিচালক, ''ঢাকা-নারায়ণগঞ্জ-ডেমরা (ডিএনডি) এলাকার নিষ্কাশন ব্যবস্থার উন্নয়ন (২য় পর্যায়) (১ম সংশোধিত)'' শীর্ষক প্রকল্প, ঢাকা পওর বিভাগ-১, বাংলাদেশ পানি উন্নয়ন বোর্ড, ওয়াপদা ভবন, মতিঝিল, বা/এ, ঢাকা।

১৮) প্রোগ্রামার, পানি সম্পদ মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা (সভার কার্যবিবরণী ওয়েব সাইটে প্রকাশের জন্য অনুরোধ করা হলো)।

১৯) উপপরিচালক, আইন শাখা (বোর্ড সচিবালয়), বাংলাদেশ পানি উন্নয়ন বোর্ড

নাজমুল ইসলাম ভূইয়া
উপসচিব